

Media Clippings of FI camps attended by RD in Kharui I, Siddha I, Radhaballavachak blocks in Purba Medinipur District on July 30, 2025

31 JULY - 2025

(4)



রিজার্ভ ব্যাঙ্কের শ্রেণিত কর্মসূচী 'নিবিড় জনসুরক্ষা সচেতনতা'য় কর্মশালায় ব্যাঙ্ক আধিকারিকগণ। বুধবারের ছবি।

‘নিবিড় জনসুরক্ষা সচেতনতা’ প্রচার, পূর্ব মেদিনীপুরের ৩ পঞ্চায়েতে তিন কর্মশালা

সূদীপ মাইতি, ৩০ জুলাইঃ রিজার্ভ ব্যাঙ্কের নির্দেশে গত পয়লা জুলাই থেকে সারা দেশে ‘নিবিড় জনসুরক্ষা সচেতনতা’র প্রচার শুরু হয়েছে। চলবে আগামী ৩০ সেপ্টেম্বর পর্যন্ত। এই কর্মসূচীরই অংশ হিসাবে বুধবার পূর্ব মেদিনীপুর জেলায় তিনটি গ্রাম পঞ্চায়েতে এলাকায় বিভিন্ন ব্যাঙ্কের আধিকারিক ও গ্রাহকদের নিয়ে ৩টি কর্মশালা অনুষ্ঠিত হয়। নেতৃত্বে ছিলেন রিজার্ভ ব্যাঙ্কের কলকাতার রিজিওনাল শাখার ডিরেক্টর সুধাংশু প্রসাদ। পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ইন্ডিয়ান ব্যাঙ্ক, পশ্চিমবঙ্গ গ্রামীণ বিকাশ ব্যাঙ্ক, ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ইউকো ব্যাঙ্ক, ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক, কানাড়া ব্যাঙ্ক সহ চৌদ্দটি ব্যাঙ্কের চিফ জেনারেল ম্যানেজার, জেনারেল ম্যানেজার পর্যায়ের আধিকারিকরা এতে অংশ নেন। প্রথম কর্মশালাটি অনুষ্ঠিত হয় শহীদ মাতঙ্গিনী ব্লকের খারুই ১ গ্রাম পঞ্চায়েতে। পরিচালনায় ছিল স্টেট ব্যাঙ্ক। পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্কের পরিচালনায় দ্বিতীয়টি অনুষ্ঠিত হয় ফেলাঘাট

ব্লকের সিদ্ধা গ্রাম পঞ্চায়েতে। আর তৃতীয় কর্মশালাটি কানাড়া ব্যাঙ্কের পরিচালনায় অনুষ্ঠিত হয় পাঁশকুড়া ব্লকের রাধাবল্লবচক গ্রাম পঞ্চায়েতে। গ্রামীণ এলাকার প্রত্যেক মানুষকে ব্যাঙ্কিং পরিষেবার আওতায় আনা ও বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্প সম্পর্কে তাদের অবহিত করানোই এই কর্মসূচীর প্রধান উদ্দেশ্য। বিশেষ করে দুর্ঘটনা জনিত মৃত্যুর জন্য বাৎসরিক ২০ টাকা ব্যয়ে দুই লাখ টাকার প্রধানমন্ত্রী সুরক্ষা বিমা যোজনা, বাৎসরিক ৪৩৬ টাকা ব্যয়ে যে কোনো মৃত্যুর জন্য দু লাখ টাকা বীমায়ুক্ত প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনা এবং সাধারণ খেটে খাওয়া মানুষদের জন্য ৬০ বছর বয়সের পরে আমৃত্যু স্বামী-স্ত্রীর জন্য ১০০০, ২০০০, ৩০০০, ৪০০০ এবং ৫০০০ টাকার অটল পেনশন যোজনার মত সামাজিক সুরক্ষা প্রকল্পের সঙ্গে গ্রাহকদের যুক্ত হওয়ার বিষয়টি এদিনের কর্মশালাগুলিতে তুলে ধরা হয়। পাশাপাশি সাইবার ক্রাইম নিয়ে ব্যাঙ্ক গ্রাহকদের কি কি সতর্কতা অবলম্বন করা উচিত তা নিয়ে

সচেতনতা গড়ে তোলা কর্মসূচীর উদ্দেশ্য বলে ব্যাঙ্ক আধিকারিকরা উল্লেখ করেন। রিজিওনাল ডাইরেক্টর সুধাংশু প্রসাদ জানান— এই জেলায় বিভিন্ন ব্যাঙ্ক মিলিয়ে প্রায় ২৬০০০ একাউন্ট কে ওয়াই সি দিয়ে আপডেট করাতে হবে। না হলে এই একাউন্টগুলি ইনঅপারেটিভ হয়ে যাবে। এছাড়া যাদের ব্যাঙ্ক একাউন্টগুলি সাময়িক ভাবে বন্ধ হয়ে গেছে তারা এই ক্যাম্পগুলোতে কে ওয়াই সি দিয়ে তাদের একাউন্ট চালু করতে পারবেন। নতুবা সংশ্লিষ্ট ব্যাঙ্কে গিয়ে আবেদন পত্র সহ নতুন কে ওয়াই সি জমা দিয়ে পুনরায় তা চালু করতে পারবেন। শিবিরগুলো থেকে বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পগুলিতে গ্রাহকরা নিজেদের নথিভুক্ত করতে পারবেন বলেও তিনি উল্লেখ করেন। এদিনের শিবিরগুলি সমন্বয়ের দায়িত্বে ছিলেন জেলার লীড ডিস্ট্রিক্ট ম্যানেজার রাকেশ কুমার মিশ্র। পরবর্তী সময়ে জেলার অন্যান্য পঞ্চায়েতেও এমন শিবির আয়োজন করা হবে বলে এদিন জানানো হয়।

Name of the Paper: Teerbhumi Daily

Edition: Medinipur edition

Date of Publish: July 31, 2025



বুধবার রিজার্ভ ব্যাঙ্কের উদ্যোগে পূর্ব মেদিনীপুরে তিন জায়গায় জনসুরক্ষা সচেতনতা প্রচার কর্মসূচি হল। শহিদ মাতঙ্গিনী ব্লকের খারুই, কোলাঘাটের সিদ্ধা এবং পাঁশকুড়ার রাখাবল্লভচকে রাষ্ট্রীয়ত্ব ব্যাঙ্কের গ্রাহকদের নিয়ে ওই কর্মসূচি পালন করা হয়। রিজার্ভ ব্যাঙ্কের কলকাতার রিজিওনাল ডিরেক্টর সুধাংশু প্রসাদ ছাড়াও ১৪টি ব্যাঙ্কের চিফ জেনারেল ম্যানেজার এবং জেনারেল ম্যানেজার পদমর্যাদার অফিসাররা উপস্থিত ছিলেন। প্রত্যেক মানুষকে ব্যাঙ্কিং পরিষেবায় আনা, সামাজিক সুরক্ষা প্রকল্প নিয়ে প্রচার ও তার অধীনে আনার লক্ষ্যে তিন মাসব্যাপী দেশজুড়ে গ্রামে গ্রামে নিবিড় জনসুরক্ষা সচেতনতামূলক প্রচার শুরু হয়েছে।-নিজস্ব চিত্র

Name of the Paper: Bartaman daily

Edition: Medinipur edition

Date of Publish: July 31, 2025